গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
www.dgjute.gov.bd

নং ঃ ২৪.০১.০০০০.০০১.১৮.০১৭.০৭-৪৮৩ তারিখ ঃ ২৩/১১/২০১৫ খ্রিঃ।

বিষয় ঃ আর্থিক সহযোগিতা প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, পাট অধিদপ্তরে কর্মরত পাট উন্নয়ন সহকারী জনাব মোঃ আব্দুর রাজ্জাক অসুস্থতাজনিত কারণে ঢাকাস্থ বারডেম হাসপাতালে ভর্তি হন। চিকিৎসক কর্তৃক পরীক্ষা নিরীক্ষার পর জানা যায় তিনি ক্যান্সারে আক্রান্ত। পরবর্তীতে তাকে ঢাকার মহাখালী ক্যান্সার হাসপাতালে ভর্তি করা হয় এবং সেখানে তার চিকিৎসা অব্যাহত আছে।

০২। জনাব আব্দুর রাজ্জাক তৃতীয় শ্রেণির একজন নিম্ন বেতনভোগী কর্মচারী। জানা যায় ডায়াবেটিকস হাসপাতালে ভর্তি থাকাকালীন অবস্থায় তার প্রায় ২ লক্ষ টাকা ব্যয় হয়েছে। ক্যান্সার রোগের চিকিৎসা অত্যন্ত ব্যয় বহুল। তার পক্ষে এ ব্যয়ভার বহন করা অসম্ভব। তাই তিনি আর্থিক সাহায্যের আবেদন করেছেন।

০৩। নাগরিক হিসেবে আমাদের সকলেরই দায়িত্ব এই অসহায় গরীব কর্মচারীর পাশে দাঁড়ানো। সরকারি কর্মচারী হিসেবে আমরা যার যার সামর্থের মধ্যে তাকে সহযোগিতা করতে পারি। তাতে হয়তো তার এ রোগের চিকিৎসার ব্যয় বহন করা সহজতর হবে। তাই পাট অধিদপ্তরের একজন কর্মচারী হিসেবে জনাব আব্দুর রাজ্জাক এর আবেদনে সকলের সহযোগিতার হাত সম্প্রসারণ করা আবশ্যক। তাই যার যার অবস্থান থেকে জনাব আব্দুর রাজ্জাক এর চিকিৎসার ব্যয়ভার বহনে সহযোগিতা করার জন্য পাট অধিদপ্তরের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে অনুরোধ করা হলো।

(মোঃ মুয়াজ্জেম হোসাইন)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন ঃ ৯৫৬১৫৪৬।

বিতরণ
০১। পরিচালক (প্রঃ ও অর্থ), পাট অধিদপ্তর, ঢাকা।
০২। প্রকল্প পরিচালক, পাট অধিদপ্তর, ঢাকা।
০৩। উপপরিচালক/উপপ্রকল্প পরিচালক, পাট অধিদপ্তর, ঢাকা।
০৪। সহকারী পরিচালক/উর্দ্ধতন সহকারী প্রকল্প পরিচালক/সহকারী প্রকল্প পরিচাল, পাট অধিদপ্তর.....(সকল)।
০৫। পাট উন্নয়ন কর্মকর্তা, পাট অধিদপ্তর.....(সকল)।
০৬। মুখ্য পরিদর্শক, পাট অধিদপ্তর.....(সকল)।
০৭। পরিদর্শক(পাট/পণ্য)/পাট উন্নয়ন সহকারী, পাট অধিদপ্তর.....(সকল)।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ
০১। সকল কর্মকর্তা/কর্মচারী পাট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। জনাব মোঃ আব্দুর রাজ্জাক, পাট উন্নয়ন সহকারী, পাট অধিদপ্তর, ঢাকা।

Alal/F/Others